# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৮/সি, আগারগাঁও,শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
**www.bteb.gov.bd**


স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০২.২৩.২৫৫.১৭.১৯৩ তারিখ: ০১ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর স্মারক নং-৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬-৫০; তারিখ: ০৩ মার্চ, ২০২৬খ্রি. আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী মোতাবেক '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' যথাযথ মর্যাদায় উদযাপনের নিদের্শনা রয়েছে। এমতাবস্থায় সংযুক্ত কার্যবিবরণী জাতীয় কর্মসূচি ক্রমিক নং ২, ৬.০ এবং ০৩, ০৭, ১৪.২, ১৮.০, ২৩.০, ৩২.০ মোতাবেক বোর্ডের আওতাধীন সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে ২৫ পাতা।

২৫/০৩/২০২৬
(মোঃ আল মাসুদ করিম)
সচিব (উপসচিব)
ফোন: ০২-৫৫০০৬৫২২ (অফিস)
ইমেইল:secretary@bteb.gov.bd

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান
সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০২.২৩.২৫৫.১৭.১৯৩(১০) তারিখ: ০১ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩-৬। পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৮। সহকারী সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট নথি।

২৫.০৩.২৬
(মোঃ আব্দুল্লা আল মাবুদ)
উপসচিব (প্রশাসন,অ.দা.)
ফোন: ০২-৫৫০০৬৫৩০ (অফিস)।

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুলভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-২ শাখা)
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬.- ৬০ তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ / ০৩ মার্চ ২০২৬

বিষয়: **'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে গত ২৭ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো। কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ২২ পৃষ্ঠা।

(শবনম মুস্তারী রিক্তা)
উপসচিব (প্রশাসন-২)
টেলিফোন-০২২২৩৩৮৫৩১৭
ইমেইল: dsadmin2@molwa.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/সেনাবাহিনী প্রধান, বাংলাদেশ সেনাবাহিনী/নৌ-বাহিনী প্রধান, বাংলাদেশ নৌ-বাহিনী/বিমান বাহিনী প্রধান, বাংলাদেশ বিমান বাহিনী/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ৭১-৭২, নিউ ইস্কাটন রোড, ঢাকা
০৪। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
০৬। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। সিনিয়র সচিব, সুপ্রীম কোর্ট সচিবালয়, ঢাকা
০৮। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৯। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা
১০। রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
১১। প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
১২। জিওসি, ৯ পদাতিক ডিভিশন, সাভার সেনানিবাস, ঢাকা
১৩। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
১৫। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
১৮। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, আব্দুল গণি রোড, ঢাকা
২২। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
২৪। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

CS CamScanner

২৬। সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৭। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৮। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৯। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩০। সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
৩১। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগাঁরগাও, ঢাকা
৩২। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা
৩৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৪। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৫। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৩৭। সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা
৩৮। সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৩৯। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪০। সচিব পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪১। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা
৪২। সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা
৪৩। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৪। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৫। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৬। সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৭। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৮। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৯। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫০। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫২। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৩। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৪। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৬। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
৫৭। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৮। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৯। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬০। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৬১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬২। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬৩। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬৪। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা/জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই), ঢাকা/বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা/আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা/কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা
৬৫। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা
৬৬। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬৭। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা
৬৮। মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, ফুলবাড়িয়া, ঢাকা
৬৯। মহাপরিচালক, বিএসপিপি, উত্তরা, ঢাকা
৭০। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা

CS CamScanner

৭১। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, ঢাকা
৭২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল, ঢাকা
৭৩। বিভাগীয় কমিশনার (সকল)
৭৪। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/বাংলাদেশ টেলিভিশন, রামপুরা/বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা
৭৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৭৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা
৭৭। আহ্বায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা
৭৮। জেলা প্রশাসক (সকল)
৭৯। পুলিশ সুপার, (সকল)
৮০। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা/ট্রাস্টি ও সদস্য সচিব, মুক্তিযুদ্ধ জাদুঘর, আগারগাঁও, ঢাকা/নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা
৮১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
৮২। প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার, সেগুনবাগিচা, ঢাকা
৮৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৮৪। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮৫। অফিসার ইনচার্জ (সকল থানা)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬. তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ / ০৩ মার্চ ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
০২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
০৩। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩/০৩/২৬

(শবনম মুস্তারী রিক্তা)
উপসচিব (প্রশাসন-২)

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

**'২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফারুক ই আজম (বীর প্রতীক)<br>উপদেষ্টা<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ২৭-০১-২০২৬, সকাল: ১১:০০ টা। |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬০৫)। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: পরিশিষ্ট 'ক'

সভাপতি '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি বলেন, ১৯৭১ সালে ২৫ মার্চের কালো রাতে শহিদদের আত্মত্যাগ বাঙালি জাতিকে স্বাধীনতা অর্জন না করা পর্যন্ত জীবন বাজি রেখে যুদ্ধ চালিয়ে যেতে অনুপ্রাণিত করে। বাঙালি জাতি মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে দীর্ঘ নয় মাস সশস্ত্র যুদ্ধে সীমাহীন ত্যাগ এবং অসীম বীরত্ব প্রদর্শন করে মহান স্বাধীনতা অর্জন করে। বাঙালি জাতির অন্যতম শ্রেষ্ঠ অর্জন আমাদের মহান মুক্তিযুদ্ধ। এ কারণে ২৫ ও ২৬ মার্চ আমাদের জন্য বিশেষ তাৎপর্যপূর্ণ। তিনি বর্ণিত দু'টি দিবস পালনে যে কর্মসূচিগুলো জাতির জন্য গুরুত্বপূর্ণ এবং বস্তুনিষ্ঠ সে বিষয়ে সকলকে সুচিন্তিত মতামত প্রদানের আহ্বান জানান।

২.০। সভাপতির অনুমতিক্রমে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সভায় ২৫ মার্চের কালোরাতে এবং মহান মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গকারী সকল বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। মন্ত্রিপরিষদ বিভাগের ১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৬১২ সংখ্যক পরিপত্র অনুযায়ী ২৫ মার্চ গণহত্যা দিবসকে জাতীয় দিবস হিসেবে পালন করা হয়। তিনি বলেন আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ জাতীয় নির্বাচন এবং নতুন সরকার গঠনসহ রমজান ও ঈদ বিবেচনায় রেখে আমাদের এ সভায় গৃহীত জাতীয় কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। এ প্রেক্ষাপটে দ্রুত এবং সফলতার সাথে যথাযোগ্য মর্যাদায় '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' আড়ম্বরপূর্ণভাবে উদযাপনের জন্য সভায় উপস্থিত সকলকে সুচিন্তিত পরামর্শ প্রদানের আহ্বান জানান।

৩.০। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের খসড়া জাতীয় কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

৪.০। সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ জাতীয় কর্মসূচি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

# '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি:

| ক্রমিক নম্বর | তারিখ/সময় ও কর্মসূচি | বিবরণ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | ২৫-০৩-২০২৬ বাণী প্রকাশ | মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, মাননীয় প্রধানমন্ত্রী/মাননীয় প্রধান উপদেষ্টার প্রেস সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, বাণী প্রণয়ন উপকমিটি। |
| ০২ | ২০-০৩-২০২৬ থেকে ২৫-০৩-২০২৬ পর্যন্ত (সুবিধাজনক দিন/সময়ে) স্মৃতিচারণ ও আলোচনা সভা | স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা আয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বেসরকারি বেতার/টিভি চ্যানেল। |
| ০৩ | ২৫-০৩-২০২৬ আলোকচিত্র/প্রামাণ্য চিত্র প্রদর্শনী | ২৫-০৩-২০২৬ দুপুর ১২:০০ টা থেকে ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার ওপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিটি কর্পোরেশন (সকল) এবং পৌরসভা (সকল)। |
| ০৪ | ২৫-০৩-২০২৬ বিশেষ মোনাজাত/ প্রার্থনা | ২৫-০৩-২০২৬ বাদ জোহর/সুবিধাজনক সময়ে সারাদেশে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ০৫ | ২৫-০৩-২০২৬ প্রতীকী ব্ল্যাক-আউট | ২৫-০৩-২০২৬ সারাদেশে রাত ১০:৩০ থেকে ১০:৩১ পর্যন্ত ০১ (এক) মিনিটের প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/ জরুরি স্থাপনা ব্যতীত) | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ০৬ | ২৫-০৩-২০২৬ আলোকসজ্জা | কোনো অবস্থাতেই ২৫-০৩-২০২৬ রাতে আলোকসজ্জা করা যাবে না। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বেসরকারি ভবনের মালিক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ০৭ | ২৫-০৩-২০২৬ | ২৫-০৩-২০২৬ সকাল ১০:০০ | পররাষ্ট্র মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘর। |

| ক্রমিক নম্বর | তারিখ/সময় ও কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | সেমিনার | টা অথবা সুবিধাজনক সময়ে গণহত্যা ও মুক্তিযুদ্ধ বিষয়ক সেমিনার। | |

**৫.০। '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে আলোচনা ও সিদ্ধান্ত:**

**৫.১ কর্মসূচি-১: ২৫-০৩-২০২৬ বাণী প্রকাশ:**

**৫.২ আলোচনা:** ২৫ মার্চ 'গণহত্যা দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক গণহত্যা দিবস পালন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

**৫.৩ সিদ্ধান্ত:** ৫.৩.১ মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করতে হবে;
৫.৩.২ মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার বাণী প্রস্তুত এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের বিষয়ে সার্বিক অগ্রগতি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করবে।

**৫.৪ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, মাননীয় প্রধানমন্ত্রী/মাননীয় প্রধান উপদেষ্টার প্রেস সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, বাণী প্রণয়ন উপকমিটি।

**৬.০ কর্মসূচি-২: ২০-০৩-২০২৬ থেকে ২৫-০৩-২০২৬ পর্যন্ত (সুবিধাজনক দিন/সময়ে) স্মৃতিচারণ ও আলোচনা সভা:**
**৬.১ আলোচনা:** '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।
**৬.২ সিদ্ধান্ত:** দিবসটি পালন উপলক্ষ্যে সুবিধাজনক সময়ে স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন করতে হবে।
**৬.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বেসরকারি বেতার/টিভি চ্যানেল।

**৭.০ কর্মসূচি-৩: ২৫-০৩-২০২৬ তারিখে আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী:**
**৭.১ আলোচনা:** আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনীর ক্ষেত্রে প্রশ্নবিদ্ধ/বিতর্কিত কোনো আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র যাতে প্রদর্শিত না হয় সে বিষয়ে আলোচনা হয়। সভায় বস্তুনিষ্ঠ, নৈর্ব্যক্তিক ও ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ

আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শন এবং গৃহীত কর্মসূচি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে প্রচারের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**৭.২ সিদ্ধান্ত:** ৭.২.১ ২৫-০৩-২০২৬ দুপুর ১২:০০ টা থেকে ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার উপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে এবংগৃহীত কর্মসূচি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে প্রচার করতে হবে;

৭.২.২ বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক আলোকচিত্র/প্রামাণ্যচিত্র নির্বাচন ও প্রদর্শন বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৭.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিটি কর্পোরেশন (সকল) এবং পৌরসভা (সকল)।

**৮.০ কর্মসূচি-৪: ২৫-০৩-২০২৬ তারিখে বিশেষ মোনাজাত/প্রার্থনা:**

**৮.১ আলোচনা:** ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে বাদ যোহর/সুবিধাজনক সময়ে মসজিদে বিশেষ মোনাজাত এবং অন্যান্য উপাসনালয়ে প্রার্থনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**৮.২ সিদ্ধান্ত:** ২৫-০৩-২০২৬ সারাদেশে ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে বাদ যোহর/সুবিধাজনক সময়ে সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং অন্যান্য উপাসনালয়ে প্রার্থনার আয়োজন করতে হবে।

**৮.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

**৯.০ কর্মসূচি-৫: ২৫-০৩-২০২৬ তারিখে প্রতীকী ব্ল্যাক-আউট:**

**৯.১ আলোচনা:** ২৫-০৩-২০২৬ তারিখে প্রতীকী ব্ল্যাক-আউট এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২৫-০৩-২০২৬ সারাদেশে রাত ১০:৩০ হতে ১০:৩১ পর্যন্ত ০১ (এক) মিনিট প্রতীকী ব্ল্যাক-আউট পালনের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**৯.২ সিদ্ধান্ত:** ২৫-০৩-২০২৬ সারাদেশে রাত ১০:৩০ হতে ১০:৩১ পর্যন্ত ০১ (এক) মিনিটের প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) পালন করা হবে। এ বিষয়টি সরকারি/বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলোর স্ক্রলে ব্রেকিং নিউজ হিসেবে প্রচার করতে হবে। **তবে বাংলাদেশে অবস্থিত বিদেশি মিশনসমূহে ব্ল্যাক-আউট প্রযোজ্য হবে না।**

**৯.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

**১০.০ কর্মসূচি-৬: ২৫-০৩-২০২৬ তারিখে আলোকসজ্জা:**

**১০.১ আলোচনা: ২৫-০৩-২০২৬ রাতে আলোকসজ্জার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত আলোচনায় ২৫-০৩-২০২৬ রাতে আলোকসজ্জা না করার বিষয়ে সকলে একমত পোষণ করেন।**

**১০.২ সিদ্ধান্ত:** গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে কোনো অবস্থাতেই ২৫-০৩-২০২৬ রাতে আলোকসজ্জা করা যাবে না।

**১০.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), সিটি কর্পোরেশন

(সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বেসরকারি ভবনের মালিক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

**১১.০ কর্মসূচি-৭: ২৫-০৩-২০২৬ তারিখে সেমিনার:**

**১১.১ আলোচনা:** মুক্তিযুদ্ধ জাদুঘরের প্রতিনিধি সভাকে অবহিত করেন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় এর সহযোগিতায় মুক্তিযুদ্ধ জাদুঘর মিলনায়তনে 'মুক্তিযুদ্ধ বিষয়ক সেমিনার' আয়োজন করা হবে।

**১১.২ সিদ্ধান্ত:** ২৫-০৩-২০২৬ সকাল ১০:০০ টা অথবা সুবিধাজনক সময়ে গণহত্যা ও মুক্তিযুদ্ধ বিষয়ক সেমিনারের আয়োজন করতে হবে।

**১১.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** পররাষ্ট্র মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘর।

## ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি:

| ক্রমিক | তারিখ/সময় ও কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ২৬-০৩-২০২৬<br>বাণী ও ক্রোড়পত্র প্রকাশ | (ক) মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ;<br>(খ) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার প্রেস সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর। |
| ২. | ২৬-০৩-২০২৬<br>সাধারণ ছুটি | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনের জন্য সাধারণ ছুটি ঘোষণা। | জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| ৩. | ২৬-০৩-২০২৬<br>পতাকা বিধি অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলন | (ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে);<br>(খ) বিদেশে অবস্থানরত দূতাবাস ও মিশনসমূহ, সিটি কর্পোরেশন (সকল) এবং ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে);<br>বি:দ্র: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বিটিভি, বাংলাদেশ বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/ টিভি চ্যানেলে সঠিক মাপ এবং রংসহ জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিটি কর্পোরেশন (সকল), পৌরসভা (সকল), সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ভবনের মালিক। |
| ৪. | ২৬-০৩-২০২৬<br>আলোকসজ্জা | গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/ স্থাপনাসমূহে আলোকসজ্জা। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), বেসরকারি ভবনের মালিক/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ৫. | ২৬-০৩-২০২৬ | (ক) সূর্যোদয়ের সাথে সাথে ঢাকায় | মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার |

| ক্রমিক | তারিখ/সময় ও কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | তোপধ্বনি | একত্রিশবার তোপধ্বনি।<br>(খ) সূর্যোদয়ের সাথে সাথে দেশের সকল জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনি। | কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), অফিসার ইনচার্জ (সকল)। |
| ৬. | ২৬-০৩-২০২৬ সূর্যোদয়ের সাথে সাথে পুষ্পস্তবক অর্পণ (আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য মোতাবেক ঐ দিন ঢাকার সূর্যোদয়ের প্রকৃত সময় ০৫ টা ৫৬ মিনিট ৪৮ সেকেন্ড বিএসটি) | (ক) মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ;<br>(খ) মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ;<br>(গ) জাতীয় স্মৃতিসৌধ, সাভারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টার নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যবৃন্দ, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং বীর মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ;<br>(ঘ) বাংলাদেশে অবস্থিত বিদেশি কূটনীতিকগণ কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ;<br>(ঙ) জেলা ও উপজেলায় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, সড়ক ও জনপথ অধিদপ্তর, ৯ম পদাতিক ডিভিশন, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যান ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল ও সাভার পৌরসভা। |
| ৭. | ২৬-০৩-২০২৬ সকাল ০৮:০০ টায়/ সুবিধাজনক সময়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন। | ২৬-০৩-২০২৬ সকাল ০৮:০০ টায় দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ৮. | ২৬-০৩-২০২৬ বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন | জেলা ও উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ৯. | ২৩-০৩-২০২৬ থেকে ৩১-০৩-২০২৬ পর্যন্ত সমরাস্ত্র প্রদর্শনী | এ বছর সমরাস্ত্র প্রদর্শনী হবে না। | প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগ |
| ১০. | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে ২৬-০৩-২০২৬ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা সভা আয়োজন (বিদেশি অধ্যাপক/ প্রথিতযশা নাগরিক/ স্থানীয় প্রশাসন/ | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান |

| ক্রমিক | তারিখ/সময় ও কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | আলোচনা সভা আয়োজন | গণ্যমান্য ব্যক্তিবর্গ/ শিল্পী-সাহিত্যিক/ রাজনৈতিক ব্যক্তিবর্গ/ সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশিদের অংশগ্রহণে) | মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশন প্রধান (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ১১. | ২৬-০৩-২০২৬ বাংলাদেশ নৌ-বাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ডের জাহাজসমূহ জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা | চট্টগ্রাম, খুলনা, মংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়ণগঞ্জ) ও বরিশালসহ বিআইডব্লিউটিসি এর ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ড একক/ যৌথভাবে এবং চাঁদপুর ও মুন্সীগঞ্জ লঞ্চঘাটে বাংলাদেশ কোস্টগার্ডের জাহাজসমূহ সকাল ৯টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা। | প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ নৌ-বাহিনী, বাংলাদেশ কোস্ট গার্ড। |
| ১২. | ০১-০৩-২০২৬ হতে ২৬-০৩-২০২৬ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) খেলাধুলার আয়োজন | জেলা ও উপজেলা পর্যায়ে প্রদর্শনী ফুটবল ম্যাচ/ T-20 ক্রিকেট টুর্নামেন্ট/ কাবাডি/ হা-ডু-ডু ইত্যাদি খেলা আয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাংলাদেশ ভলিবল ফেডারেশন, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, বাংলাদেশ কাবাডি ফেডারেশন, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১৩. | ০১-০৩-২০২৬ থেকে ৩১-০৩-২০২৬ পর্যন্ত অনুষ্ঠানমালা প্রচার | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১৪. | ২৬-০৩-২০২৬ চলচ্চিত্র/প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন | ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে ছাত্র-ছাত্রীদের জন্য বিনা টিকিটে মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তন/ উন্মুক্ত স্থানে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন। বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে এ ধরনের প্রদর্শনীর আয়োজন করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১৫. | ২৬-০৩-২০২৬ জাদুঘর ও বিনোদনমূলক স্থানসমূহ উন্মুক্ত রাখা এবং বিনা-টিকিটে প্রদর্শনের | (ক) সরকারি ও বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা-টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখা;<br>(খ) দেশের সকল সরকারি ও বেসরকারি | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), সিটি কর্পোরেশন (সকল), এনজিও বিষয়ক ব্যুরো, সশস্ত্র বাহিনী |

| ক্রমিক | তারিখ/সময় ও কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ব্যবস্থা | বিনোদনমূলক স্থান শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা-টিকিটে প্রদর্শনের ব্যবস্থা করা;<br>(গ) দেশের সকল পর্যটন কেন্দ্রে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা। | বিভাগ, বিএনসিসি, বাংলাদেশ স্কাউটস, বাংলাদেশ জাতীয় জাদুঘর, নভোথিয়েটার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, সামরিক জাদুঘর, বাংলাদেশ নৌ-বাহিনী জাদুঘর, বিমান বাহিনী জাদুঘর, বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘরসহ অন্যান্য জাদুঘর কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষ, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সংশ্লিষ্ট জেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১৬. | ২৬-০৩-২০২৬<br>মোনাজাত/ প্রার্থনা সুবিধাজনক সময়ে | শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট। |
| ১৭. | ২৬-০৩-২০২৬<br>প্রীতিভোজের আয়োজন | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি অনুযায়ী দেশের সকল সরকারি হাসপাতাল, জেলখানা, সরকারি শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, শিশু উন্নয়ন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে পুনর্বাসন কেন্দ্র ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে প্রীতিভোজের আয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১৮. | ২৬-০৩-২০২৬<br>বীরশ্রেষ্ঠ পরিবার ও জীবিত খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান | বঙ্গভবনে অপরাহ্নে (রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে) বীরশ্রেষ্ঠ পরিবার ও জীবিত খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান। | রাষ্ট্রপতির কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। |
| ১৯. | ২৬-০৩-২০২৬<br>সড়ক ও সড়কদ্বীপসমূহ সজ্জিতকরণ | ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিতকরণ। | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিটি কর্পোরেশন (সকল), বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ২০. | ২৬-০৩-২০২৬<br>স্মারক ডাকটিকিট প্রকাশ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উপলক্ষ্যে স্মারক ডাকটিকিট প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক অধিদপ্তর। |

| ক্রমিক | তারিখ/সময় ও কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২১. | ২০-০৩-২০২৬ থেকে ২৫-০৩-২০২৬ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং আলোচনা সভার আয়োজন | ক) রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন;<br>খ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে (সুবিধাজনক সময়ে) মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা। | মন্ত্রিপরিষদ বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২২. | ২৪-০৩-২০২৬ মধ্যে সংশ্লিষ্ট স্থাপনাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতাকরণ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের স্মৃতি সংশ্লিষ্ট স্থাপনাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতাকরণ | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), গণপূর্ত অধিদপ্তর, পৌরসভা (সকল)। |
| ২৩. | ২৬-০৩-২০২৬ সকাল ৮:০০ শিশু কিশোর সমাবেশ | জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ | মন্ত্রিপরিষদ বিভাগ, প্রাথমিক ও গণিশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বিভাগীয় কমিশনার, ঢাকা ও জেলা প্রশাসন, ঢাকা |

**১২.০। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে আলোচনা ও সিদ্ধান্ত:**

**১২.১ কর্মসূচি-১: ২৬-০৩-২০২৬ তারিখে বাণী প্রকাশ:**

**১২.২ আলোচনা:** ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করা হবে। এছাড়া, এ দিবস উপলক্ষ্যে সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ করা হবে।

**১২.৩ সিদ্ধান্ত:** ১২.৩.১ মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করতে হবে;

১২.৩.২ সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ করতে হবে।

**১২.৪ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার প্রেস সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।

**১৩.০। কর্মসূচি-২: ২৬-০৩-২০২৬ সাধারণ ছুটি ঘোষণা:**

১৩.১ আলোচনা: ২৬-০৩-২০২৬ সাধারণ ছুটির বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উপলক্ষ্যে ইতোমধ্যে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। রমজান ও ঈদের ছুটি বিবেচনায় ঐদিন সাধারণ ছুটি থাকলেও সকল সরকারি, বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন এবং উক্ত অনুষ্ঠানসমূহে সকলের উপস্থিতি নিশ্চিতকরণের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি সাধারণ ছুটির এ দিনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযথ মর্যাদার সাথে উদযাপনের জন্য সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারীকে বিভিন্ন রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করার আহবান জানান।

১৩.২ সিদ্ধান্ত: ১৩.২.১ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপনের জন্য সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে;

১৩.২.২ ২৬ মার্চ সাধারণ ছুটি ঘোষিত হলেও এ দিনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযথ মর্যাদার সাথে উদযাপনের জন্য সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারীকে বিভিন্ন রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

১৩.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা।

১৪.০। কর্মসূচি-৩: ২৬-০৩-২০২৬ জাতীয় পতাকা উত্তোলন:

১৪.১ আলোচনা: সভায় সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে, বিদেশে অবস্থানরত মিশনসমূহ, সিটি কর্পোরেশন (সকল) এবং ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে আলোচনা হয়। জাতীয় পতাকা উত্তোলন এর বিষয়ে সভায় জানানো হয়, জাতীয় পতাকাকে সম্মান জানানো আমাদের সকলের সাংবিধানিক দায়িত্ব। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। পতাকার ব্যবহার, রং, পরিমাপ ইত্যাদি বিষয়ে পত্র-পত্রিকায় এবং বেতার-টেলিভিশনে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। জাতীয় পতাকা বিধিমালা যথাযথভাবে প্রতিপালনে জনসাধারণকে উদ্বুদ্ধকরণসহ এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও জননিরাপত্তা বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। সরকার নির্ধারিত পরিমাপ অনুযায়ী জাতীয় পতাকা তৈরি করে তা উত্তোলনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়।

১৪.২ সিদ্ধান্ত:

১৪.২.১ সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করতে হবে;

১৪.২.২ বিদেশে অবস্থানরত দূতাবাস ও মিশনসমূহ, সিটি কর্পোরেশন (সকল) এবং ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করতে হবে;

১৪.২.৩ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বিটিভি, বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

১৪.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার,

বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিটি কর্পোরেশন (সকল), পৌরসভা (সকল), সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এবং বেসরকারি প্রতিষ্ঠান/ ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ভবনের মালিক।

**১৫.০। কর্মসূচি-৪: ২৬-০৩-২০২৬ আলোকসজ্জা:**

**১৫.১ আলোচনা:** ২৬-০৩-২০২৬ তারিখে গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি এ বিষয়ে ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক, দেশের সকল সিটি কর্পোরেশন এবং পৌরসভার সম্মানিত প্রশাসকগণকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানানো হয়।

**১৫.২ সিদ্ধান্ত:** **১৫.২.১ গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করতে হবে।**

**১৫.২.২ ২৫-০৩-২০২৬ রাতে কোনোভাবেই আলোকসজ্জা করা যাবে না।**

**১৫.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), বেসরকারি ভবনের মালিক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

**১৬.০। কর্মসূচি-৫: ২৬-০৩-২০২৬ প্রত্যুষে তোপধ্বনি:**

**১৬.১ আলোচনা:** ঢাকায় এবং দেশের সকল জেলা ও উপজেলায় প্রত্যুষে (সূর্যোদয়ের সাথে সাথে) একত্রিশবার তোপধ্বনির বিষয়ে সভায় উপস্থিত প্রতিনিধিগণ জানান, যথাযোগ্য মর্যাদায় তোপধ্বনির কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। সভায় দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে যথাসময়ে তোপধ্বনি কর্মসূচি বাস্তবায়নে জেলা ও উপজেলা প্রশাসনকে সহায়তা প্রদানের জন্য পুলিশ বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি বলেন, মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের প্রত্যুষে (সূর্যোদয়ের সাথে সাথে) মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা জাতির পক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন। উক্ত সময়ের পূর্বে দেশের অন্য কোনো স্থানে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান অথবা তোপধ্বনির কার্যক্রম গ্রহণ করা সমীচীন হবে না। তিনি স্থানীয় সময় অনুযায়ী তোপধ্বনির কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে আলোচনায় অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় অবহিত করেন, আবহাওয়া অধিদপ্তরের পত্র অনুযায়ী ২৬ মার্চ সূর্যোদয়ের সময় ভোর ০৫ টা ৫৬ মিনিট ৪৮ সেকেন্ড।

**১৬.২ সিদ্ধান্ত:** ১৬.২.১ প্রত্যুষে (সূর্যোদয়ের সাথে সাথে) ঢাকায় একত্রিশবার তোপধ্বনি করতে হবে;

১৬.২.২ প্রত্যুষে (সূর্যোদয়ের সাথে সাথে) জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনি করতে হবে।

**১৬.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়/প্রধান উপদেষ্টার কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), অফিসার ইনচার্জ (সকল)।

**১৭.০। কর্মসূচি-৬: ২৬-০৩-২০২৬ সূর্যোদয়ের সাথে সাথে পুষ্পস্তবক অর্পণ:**

**১৭.১ আলোচনা:** সভায় জাতীয় স্মৃতিসৌধ, সাভারে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক পুষ্পস্তবক অর্পণসহ জেলা/ উপজেলায় পুষ্পস্তবক অর্পণ এর বিষয়ে আলোচনা হয়। সভাপতি, বিদেশি কূটনীতিক এবং শহিদ পরিবারসহ সকলের নিরাপত্তা ও শৃঙ্খলা নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন। তিনি ৯ম পদাতিক ডিভিশনকে এ বিষয়ে বিশেষ কার্যক্রম গ্রহণের আহ্বান জানান। ৯ম পদাতিক ডিভিশনের প্রতিনিধি জানান যে, পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের আমন্ত্রণপত্রে মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার আগমনের কমপক্ষে ৩০ মিনিট আগে অনুষ্ঠানস্থলে প্রবেশের সুস্পষ্ট নির্দেশনা থাকলেও অনেক অতিথি অনুষ্ঠান শুরুর পূর্বক্ষণে স্মৃতিসৌধে প্রবেশ করেন। এছাড়া ভিভিআইপি ও ভিআইপিগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ শেষ হলে ০৮:০০ টার দিকে জনসাধারণের জন্য স্মৃতিসৌধ উন্মুক্ত করে দেওয়া যেতে পারে। এর পূর্বে স্মৃতিসৌধ উন্মুক্ত করা হলে নিরাপত্তা ব্যবস্থা বিঘ্ন হওয়ার

সম্ভাবনা থাকে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। পুলিশের প্রতিনিধি বলেন, ভিভিআইপিগণ অনুষ্ঠানস্থল ত্যাগ করার পরও স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ কার্যক্রমসমূহ যাতে নিরাপত্তাবলয়ের মধ্যে থাকে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। সভায় জাতীয় স্মৃতিসৌধের সম্মুখে ও রাস্তার দু'পাশে সকল অবৈধ ছাপড়া দোকান উচ্ছেদের যথাযথ ব্যবস্থা গ্রহণসহ সাভার জাতীয় স্মৃতিসৌধে ভিভিআইপিগণের পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সাভারগামী দু'টি রাস্তা (ঢাকা-আরিচা ও ঢাকা-আশুলিয়া-সাভার) সংস্কার ও মেরামত এবং সড়ক দ্বীপ/ডিভাইডার রং করার বিষয়ে পূর্ব হতেই যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। এছাড়া রাস্তার উভয় পাশের ঝোপ-জঙ্গল, আবর্জনা, পরিষ্কার করার জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও প্রশাসক, সাভার পৌরসভার সহযোগিতা কামনা করা হয়। সভায় সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত সড়কে কোন প্রকার ফেস্টুন, পোস্টার, ব্যানার, ওভারহেড তোরণ নির্মাণ না করার ওপর গুরুত্ব আরোপ করা হয়। এ কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সভায় অবহিত করা হয়।

১৭.২ সিদ্ধান্ত: ১৭.২.১ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ করা হবে;

১৭.২.২ মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ করা হবে;

১৭.২.৩ জাতীয় স্মৃতিসৌধ, সাভারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/উপদেষ্টার নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ করা হবে;

১৭.২.৪ বাংলাদেশে অবস্থিত বিদেশি কূটনীতিকগণ কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ করা হবে;

১৭.২.৫ জেলা ও উপজেলায় স্মৃতিসৌধে/ শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করতে হবে;

১৭.২.৬ সাভার জাতীয় স্মৃতিসৌধে ভিভিআইপিগণের পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সাভারগামী দু'টি রাস্তা (ঢাকা-আরিচা ও ঢাকা-আশুলিয়া-সাভার) সংস্কার ও মেরামত, ঝোপ-জঙ্গল ও আবর্জনা পরিষ্কার এবং সড়ক দ্বীপ/ডিভাইডার রং করতে হবে;

১৭.২.৭ সাভার জাতীয় স্মৃতিসৌধের সম্মুখে ও রাস্তার দু'পাশে সকল অবৈধ ছাপড়া দোকান উচ্ছেদের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৭.২.৮ ঢাকা হতে সাভার স্মৃতিসৌধ পর্যন্ত রাস্তার পাশে পোস্টার, ফেস্টুন, ব্যানার ও ওভারহেড তোরণ নির্মাণ করা যাবে না;

১৭.২.৯ সাভার জাতীয় স্মৃতিসৌধের প্রয়োজনীয় মেরামত ও সংস্কারসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান রেখে নির্ধারিত সময়ের পূর্বেই সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে;

১৭.২.১০ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত জাতীয় স্মৃতিসৌধে দর্শনার্থীদের সমাগম হয় বিধায় দর্শনার্থীদের সুবিধা বিবেচনায় সাভার উপজেলা পরিষদ ও পৌরসভা প্রয়োজনীয় সংখ্যক মোবাইল টয়লেটের ব্যবস্থা করবে;

১৭.২.১১ সাভার জাতীয় স্মৃতিসৌধে গৃহীত জাতীয় কর্মসূচিসহ উক্ত দিবসে পুষ্পস্তবক প্রদানের জন্য আগত জনসাধারণের নিরাপত্তা এবং সারাদেশে নিরাপত্তা নিশ্চিত করতে হবে;

১৭.২.১২ প্রয়োজনীয় সংখ্যক এ্যাম্বুলেন্স ও চিকিৎসকের ব্যবস্থা করতে হবে;

১৭.২.১৩ ভিভিআইপি ও ভিআইপিগণকে অভ্যর্থনা জানানোর স্থানটিতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে;

১৭.২.১৪ ভিভিআইপি ও ভিআইপিগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ সমাপ্ত হওয়ার পর ০৮:৩০ টায় জনসাধারণের জন্য স্মৃতিসৌধ উন্মুক্ত করতে হবে;

১৭.২.১৫ পুষ্পস্তবক অর্পণ শেষে ভিভিআইপি এবং ভিআইপিগণ স্মৃতিসৌধ ত্যাগ করার সময় নিরাপত্তাজনিত কারণে ০৮:০০ টা পর্যন্ত ঢাকা-আরিচা মহাসড়কে যান চলাচল সীমিত রাখতে হবে;

১৭.২.১৬ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য জাতীয় পর্যায়ে যে সকল কর্মসূচি গ্রহণ করা হয়েছে সে সকল কর্মসূচি বাংলাদেশ বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচার করতে হবে।

**১৭.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, সড়ক ও জনপথ অধিদপ্তর, ৯ম পদাতিক ডিভিশন, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, বাংলাদেশ বেতার ও টেলিভিশন, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল ও সাভার পৌরসভা।

১৮.০। **কর্মসূচি-৭: ২৬-০৩-২০২৬ সকাল ০৮:০০ টায়/সুবিধাজনক সময়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন:**

১৮.১ **আলোচনা:** সভায় ২৬-০৩-২০২৬ সকাল ৮:০০ টা/সুবিধজনক সময়ে দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শনের উপর বিস্তারিত আলোচনা হয়। এ অনুষ্ঠান স্টেডিয়াম/ সুবিধাজনক স্থানে আয়োজন করা যেতে পারে মর্মে সকল সদস্য একমত পোষণ করেন।

১৮.২ **সিদ্ধান্ত:** ১৮.২.১: ২৬-০৩-২০২৬ সকাল ৮:০০ টা/সুবিধাজনক সময়ে দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন করতে হবে।

১৮.২.২: সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে এ অনুষ্ঠান স্টেডিয়াম/ সুবিধাজনক স্থানে আয়োজন করতে হবে।

১৮.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৯.০। **কর্মসূচি-৮: ২৬-০৩-২০২৬ বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন:**

১৯.১ **আলোচনা:** ২৬-০৩-২০২৬ তারিখে বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ অনুষ্ঠান জেলা ও উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে মর্মে সকল সদস্য একমত পোষণ করেন।

১৯.২ **সিদ্ধান্ত:** জেলা ও উপজেলা পর্যায়ে বীর মুক্তিযোদ্ধা, শহিদ পবিবার ও যোদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

১৯.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২০.০। **কর্মসূচি-৯: সমরাস্ত্র প্রদর্শনী:**

২০.১ **আলোচনা:** সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধি সভাকে জানান যে, এ বছর সমরাস্ত্র প্রদর্শনী হবে না।

২০.২ **সিদ্ধান্ত:** এ বছর সমরাস্ত্র প্রদর্শনী হবে না।

২০.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং সশস্ত্র বাহিনী বিভাগ।

২১.০। **কর্মসূচি-১০: ২৬-০৩-২০২৬ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে আলোচনা সভা আয়োজন:**

২১.১ **আলোচনা:** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনা অনুষ্ঠান সুবিধাজনক সময়ে বিদেশি অধ্যাপক/ প্রথিতযশা নাগরিক/ স্থানীয় প্রশাসন/গণ্যমান্য ব্যক্তিবর্গ/ শিল্পী-সাহিত্যিক/ রাজনৈতিক ব্যক্তিবর্গ/ সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের অংশগ্রহণে আয়োজন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।

২১.২ **সিদ্ধান্ত:** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান (সুবিধাজনক সময়ে) আয়োজন (বিদেশী অধ্যাপক/ প্রথিতযশা নাগরিক/স্থানীয় প্রশাসন/ গণ্যমান্য ব্যক্তিবর্গ/ শিল্পী-সাহিত্যিক/ রাজনৈতিক ব্যক্তিবর্গ/ সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের অংশগ্রহণে) করতে হবে।

২১.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশন প্রধান (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

২২.০। **কর্মসূচি-১১: ২৬-০৩-২০২৬ বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ উন্মুক্ত রাখা:**

২২.১ **আলোচনা:** বিগত সময়ের ন্যায় চট্টগ্রাম, খুলনা, মংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, নারায়ণগঞ্জের পাগলা, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ জনগণের প্রদর্শনের জন্য উন্মুক্ত রাখার বিষয়ে আলোচনা হয়। সকাল ৯:০০ টা হতে সূর্যাস্ত পর্যন্ত জাহাজসমূহ জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

২২.২ **সিদ্ধান্ত:** ২২.২.১ চট্টগ্রাম, খুলনা, মংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, নারায়ণগঞ্জের পাগলা, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ সকাল ৯টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখতে হবে।

২২.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ নৌবাহিনী, বাংলাদেশ কোস্ট গার্ড।

২৩.০। **কর্মসূচি-১২: মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে খেলাধূলার আয়োজন:**

২৩.১ **আলোচনা:** সভায় জেলা এবং উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ, মাদ্রাসা ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে (সুবিধাজনক সময়ে) ক্রীড়া অনুষ্ঠান (প্রদর্শনী ফুটবল ম্যাচ/ T-20 ক্রিকেট টুর্নামেন্ট/ কাবাডি/ হা-ডু-ডু ইত্যাদি খেলা) আয়োজনের বিষয়ে আলোচনা হয়।

২৩.২ **সিদ্ধান্ত:** জেলা এবং উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ, মাদ্রাসা ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে (সুবিধাজনক সময়ে) ক্রীড়া অনুষ্ঠান (প্রদর্শনী ফুটবল ম্যাচ/ T-20 ক্রিকেট টুর্নামেন্ট/ কাবাডি/ হা-ডু-ডু ইত্যাদি খেলা) আয়োজন করতে হবে;

২৩.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাংলাদেশ ভলিবল ফেডারেশন, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, বাংলাদেশ কাবাডি ফেডারেশন, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২৪.০। **কর্মসূচি-১৩: ০১-০৩-২০২৬ থেকে ৩১-০৩-২০২৬ পর্যন্ত অনুষ্ঠানমালা প্রচার:**

২৪.১ **আলোচনা:** বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি বেতার/ টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা প্রচারের বিষয়ে আলোচনা হয়। অনুষ্ঠানমালা প্রচারের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিশেষ সতর্কতা অবলম্বন করবে।

**২৪.২ সিদ্ধান্ত:** ২৪.২.১ বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার করতে হবে;

২৪.২.২ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠানমালা প্রচারে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিশেষ সতর্কতা অবলম্বন করবে।

**২৪.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, ডিএফপি, গণযোগাযোগ অধিদপ্তর।

২৫.০। **কর্মসূচি-১৪: ২৬-০৩-২০২৬ চলচ্চিত্র/ প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন:**

**২৫.১ আলোচনা:** সভায় মুক্তিযুদ্ধভিত্তিক বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক চলচ্চিত্র নির্বাচন এবং প্রামাণ্য চিত্র প্রদর্শনীর বিষয়ে গুরুত্বারোপ করা হয়। আলোচনায় বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রামাণ্য চিত্র প্রদর্শনের প্রস্তাব করা হয়। এ ধরণের প্রদর্শনীর ফলে মুক্তিযুদ্ধের চেতনা সর্বসাধারণের নিকট সফল ও ব্যাপকভাবে পৌঁছানো যাবে বলে মতামত প্রকাশ করা হয়। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**২৫.২ সিদ্ধান্ত:** ২৫.২.১ ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শন এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তন বা উন্মুক্ত স্থানে বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে। এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং সতর্কতার সাথে বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক চলচ্চিত্র ও প্রামাণ্য চিত্র নির্বাচন করবে।

২৫.২.২ ব্যাপক প্রচারণার জন্য বিভিন্ন ধরনের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করতে হবে।

**২৫.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২৬.০। **কর্মসূচি-১৫: ২৬-০৩-২০২৬ জাদুঘরসমূহ ও বিনোদনমূলক স্থান উন্মুক্ত রাখা এবং বিনা-টিকিটে প্রদর্শনের ব্যবস্থা এবং পর্যটন কেন্দ্রে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে:**

**২৬.১ আলোচনা:** সভায় সরকারি ও বেসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ এবং সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থানসমূহ শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা, বিনা টিকিটে প্রদর্শন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**২৬.২ সিদ্ধান্ত:** ২৬.২.১ সরকারি ও বেসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখতে হবে;

২৬.২.২ দেশের সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থানসমূহ শিশুদের জন্য সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

২৬.২.৩ দেশের সকল পর্যটন কেন্দ্রে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

**২৬.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), সিটি কর্পোরেশন (সকল), এনজিও বিষয়ক ব্যুরো, সশস্ত্র বাহিনী বিভাগ, বিএনসিসি, বাংলাদেশ স্কাউটস, বাংলাদেশ জাতীয় জাদুঘর, নভোথিয়েটার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, সামরিক জাদুঘর, বাংলাদেশ নৌ-বাহিনী জাদুঘর, বিমান বাহিনী জাদুঘর, বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘরসহ অন্যান্য জাদুঘর কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষ, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সংশ্লিষ্ট জেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২৭.০। **কর্মসূচি-১৬: ২৬-০৩-২০২৬ মোনাজাত/প্রার্থনা:**

২৭.১ আলোচনা: সভায় শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/ প্রার্থনা করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

২৭.২ সিদ্ধান্ত: শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/ প্রার্থনা করতে হবে।

২৭.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

২৮.০। কর্মসূচি-১৭: ২৬-০৩-২০২৬ প্রীতিভোজের আয়োজন:

২৮.১ আলোচনা: মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি অনুযায়ী দেশের সকল সরকারি হাসপাতাল, জেলখানা, সরকারি শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, শিশু উন্নয়ন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে পুনর্বাসন কেন্দ্র ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে প্রীতিভোজ আয়োজনের বিষয়ে আলোচনা হয়। অর্থ মন্ত্রণালয় থেকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে বরাদ্দ প্রদানের বিষয়েও আলোচনা হয়।

২৮.২ সিদ্ধান্ত: ২৮.২.১ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে দেশের সকল সরকারি হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, শিশু উন্নয়ন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে পুনর্বাসন কেন্দ্র ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে প্রীতিভোজের আয়োজন করতে হবে;

২৮.২.২ অর্থ মন্ত্রণালয় থেকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে বরাদ্দ প্রদান করা হবে।

২৮.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২৯.০। কর্মসূচি-১৮: ২৬-০৩-২০২৬ বীরশ্রেষ্ঠ পরিবার ও জীবিত খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান:

২৯.১ আলোচনা: সভায় সভাপতি বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যদের পাশাপাশি জীবিত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের মহান মুক্তিযুদ্ধের অবদানের স্বীকৃতিস্বরূপ সংবর্ধনা প্রদানের আহবান জানান। রাষ্ট্রপতির কার্যালয়ের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, প্রতিবছর মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে বঙ্গভবনে বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করা হয়। এ বছরও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন গ্রহণ করা হয়েছে।

২৯.২ সিদ্ধান্ত: বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যদের পাশাপাশি জীবিত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদানের বিষয়ে রাষ্ট্রপতির কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২৯.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: রাষ্ট্রপতির কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

৩০.০। কর্মসূচি-১৯: ২৬-০৩-২০২৬ সড়ক ও সড়কদ্বীপসমূহ সজ্জিতকরণ:

৩০.১ আলোচনা: ঢাকা ও দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিত করার বিষয়ে আলোচনা হয়।

৩০.২ সিদ্ধান্ত: ঢাকা ও দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিত করতে হবে।

৩০.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিটি কর্পোরেশন (সকল), বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

৩১.০। **কর্মসূচি-২০: ২৬-০৩-২০২৬ স্মারক ডাকটিকিট প্রকাশ:**

৩১.১ **আলোচনাঃ** 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উপলক্ষ্যে ডাকটিকেট প্রকাশের বিষয়ে আলোচনা হয়।

৩১.২ **সিদ্ধান্তঃ** 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উপলক্ষ্যে স্মারক ডাকটিকিট প্রকাশ করতে হবে।

৩১.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক অধিদপ্তর।

৩২.০। **কর্মসূচি-২১: ২০-০৩-২০২৬ থেকে ২৫-০৩-২০২৬ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং আলোচনা সভার আয়োজন:**

৩২.১ **আলোচনা:** সভায় জাতীয় পর্যায়ে ২০-০৩-২০২৬ হতে ২৫-০৩-২০২৬ পর্যন্ত সুবিধাজনক সময়ে রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা আয়োজনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

৩২.২ **সিদ্ধান্ত:** ২০-০৩-২০২৬ থেকে ২৫-০৩-২০২৬ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) জাতীয় পর্যায়ে রচনা, আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন করতে হবে।

৩২.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৩৩.০। **কর্মসূচি-২২: ২৪-০৩-২০২৬ তারিখের মধ্যে মুক্তিযুদ্ধের স্মৃতি সংশ্লিষ্ট স্থাপনাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতাকরণ:**

৩৩.১ **আলোচনা:** ২৪-০৩-২০২৬ তারিখের মধ্যে মুক্তিযুদ্ধের স্মৃতি সংশ্লিষ্ট স্থাপনাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতাকরণের বিষয় সভায় আলোচনা হয়।

৩৩.২ **সিদ্ধান্ত:** ২৪-০৩-২০২৬ তারিখের মধ্যে মুক্তিযুদ্ধের স্মৃতি সংশ্লিষ্ট স্থাপনাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতা করতে হবে।

৩৩.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), গণপূর্ত অধিদপ্তর, পৌরসভা (সকল)।

৩৪.০। **কর্মসূচিব-২৩: জাতীয় স্টেডিয়ামে জেলা প্রশাসন, ঢাকা কর্তৃক শিশু কিশোর সমাবেশ আয়োজন:**

৩৪.১ **আলোচনা:** জাতীয় স্টেডিয়ামে শিশু কিশোর সমাবেশের বিষয় বিস্তারিত আলোচনা হয়। উক্ত সভায় জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর প্রতিনিধি জানান যে, জাতীয় স্টেডিয়াম সংস্কার ও গতবছর রমজান এর কারণে ২০১৯ সালের পর শিশু কিশোর সমাবেশ অনুষ্ঠিত হয়নি। কিন্তু এ বছর এ অনুষ্ঠান আয়োজন করা হবে কি-না সে বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। অত:পর এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে শুধমাত্র ঢাকায় অনুষ্ঠান আয়োজনের বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

৩৪.২ **সিদ্ধান্ত:** জেলা প্রশাসন, ঢাকা কর্তৃক ২৬-০৩-২০২৬ সকাল ৮:০০ টায় জাতীয় স্টেডিয়ামে শিশু কিশোর সমাবেশের আয়োজন করতে হবে।

৩৪.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, প্রাথমিক ও গণিশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বিভাগীয় কমিশনার, ঢাকা ও জেলা প্রশাসন, ঢাকা

৩৫.০। উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সমন্বয়কের ভূমিকা পালন করবে।

৩৬.০। আগামী ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবসের জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ২টি কমিটি এবং ২টি উপকমিটি গঠন করা হয়:

**(ক) ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দবিস উদযাপন উদযাপন উপলক্ষ্যে স্টিয়ারিং কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| ১। | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| ২। | মন্ত্রিপরিষদ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ৩। | সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ৪। | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ৫। | সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ৬। | সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | | সদস্য |
| ৭। | সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ৮। | সচিব, অর্থ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ৯। | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ১০। | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | | সদস্য |
| ১১। | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ১২। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ১৩। | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ১৪। | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ১৫। | সচিব, প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৬। | সচিব, স্থানীয় সরকার বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ১৭। | সচিব, বিদ্যুৎ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ১৮। | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ১৯। | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ২০। | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ২১। | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ২২। | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ২৩। | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ২৪। | সচিব, রাষ্ট্রপতির কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২৫। | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ২৬। | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ২৭। | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ২৮। | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ২৯। | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ৩০। | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | - | সদস্য |
| ৩১। | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ৩২। | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| ৩৩। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ | - | সদস্য |
| ৩৪। | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ৩৫। | বিভাগীয় কমিশনার, ঢাকা | - | সদস্য |
| ৩৬। | মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর | - | সদস্য |
| ৩৭। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৩৮। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৩৯। | মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | - | সদস্য |
| ৪০। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | - | সদস্য |
| ৪১। | আহ্বায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ৪২। | সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪৩। | মহাপুলিশ পরিদর্শক এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪৪। | সেনা, নৌ ও বিমান বাহিনীর একজন করে উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪৫। | প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪৬। | জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪৭। | বর্ডার গার্ড বাংলাদেশ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪৮। | বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪৯। | বাংলাদেশ কোস্টগার্ড এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫০। | পুলিশ কমিশনার, ডিএমপি এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫১। | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য |
| ৫২। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ৫৩। | যুগ্মসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) কমিটি গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে সার্বিক তদারকি, প্রয়োজনীয় সমন্বয় এবং বাস্তবায়নের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করবে।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(গ) স্টিয়ারিং কমিটি অন্যান্য কমিটির সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/পরামর্শ প্রদান করবে।

**(খ) 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণ কমিটি:** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১। | জিওসি ৯ পদাতিক ডিভিশন, বাংলাদেশ সেনাবাহিনী, সাভার, ঢাকা | - | আহ্বায়ক |
| ২। | রাষ্ট্রপতির কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | মন্ত্রিপরিষদ বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | পররাষ্ট্র মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | প্রতিরক্ষা মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | বাংলাদেশ সেনা বাহিনী এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | বাংলাদেশ নৌ-বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১১। | বাংলাদেশ বিমান বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | রেক্টর, বিপিএটিসি এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩। | মহাপুলিশ পরিদর্শক এর একজন উপযুক্ত প্রতিনিধি (বিশেষ শাখা) | - | সদস্য |
| ১৪। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা জোন | - | সদস্য |
| ১৫। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপদ অধিদপ্তর, ঢাকা জোন | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ১৬। | উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ | - | সদস্য |
| ১৭। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা | - | সদস্য |
| ১৮। | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য |
| ১৯। | প্রশাসক, সাভার পৌরসভা, ঢাকা | - | সদস্য |
| ২০। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২১। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ২২। | প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ২৩। | উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা | - | সদস্য |
| ২৪। | উপমহাপরিচালক, আনসার ও ভিডিপি, ঢাকা রেঞ্জ, ঢাকা | - | সদস্য |
| ২৫। | কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণের সার্বিক কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**(গ) 'গণহত্যা দিবস ২০২৬' পালন এবং 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা এর বাণী প্রণয়ন এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, দিবসের তাৎপর্যের উপর আলোচনা এবং সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপকমিটি:** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| ২। | রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টার কার্যালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | উপসচিব (প্রশাসন-২), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ৫। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | পিআইডি এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ৯। | গণযোগাযোগ অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | বাংলাদেশ টেলিভিশনের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ১১। | বাংলাদেশ বেতারের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

**উপকমিটির কার্যপরিধি:**

(ক) 'গণহত্যা দিবস ২০২৬' পালন এবং 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার বাণী প্রণয়ন এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ;

(গ) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ;

(ঘ) বাংলাদেশের জাতীয় পতাকার সঠিক মাপ ও রং ঠিক রেখে জাতীয় পতাকা উত্তোলনের বিধিবিধান জনসাধারণের জ্ঞাতার্থে বেতার ও টেলিভিশনে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(ঙ) 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতির জন্য ২৩ থেকে ২৫ মার্চ ২০২৬ জাতীয় স্মৃতিসৌধ বন্ধ রাখার বিষয়টি জনগণকে অবহিতকরণের নিমিত্ত প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(চ) কোন অতিরিক্ত সচিবকে আহ্বায়ক হিসেবে দায়িত্ব প্রদান করা হবে তা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় নির্ধারণ করবে;

(ছ) ২৫-০৩-২০২৬ তারিখে সারাদেশে রাত ১০:৩০ থেকে ১০:৩১ পর্যন্ত ০১ মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) এর বিষয়টি জনগণকে অবহিতকরণের নিমিত্ত প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(জ) উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

বি:দ্র: সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় তাঁর মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব পর্যায়ের একজন কর্মকর্তাকে উক্ত উপকমিটির আহ্বায়কের দায়িত্ব অর্পণ করবেন।

(ঘ) **জাতীয় কর্মসূচি বাস্তবায়নে নিরাপত্তা, ট্রাফিক ও পুলিশ ব্যবস্থাপনা সংক্রান্ত উপকমিটি:**

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (ক্রাইম এন্ড অপস), বাংলাদেশ পুলিশ | - | আহ্বায়ক |
| ২। | পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা। | - | সদস্য |
| ৩। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | ডিআইজি, (ঢাকা রেঞ্জ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | পুলিশ (স্পেশাল ব্রাঞ্চ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | জেলা প্রশাসক, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | উপসচিব (প্রশাসন-২), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ৮। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ৯। | উপপুলিশ কমিশনার (পশ্চিম), ডিএমপি, ঢাকা | - | সদস্য |
| ১০। | জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ঢাকা | - | সদস্য |
| ১১। | র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩। | ডিজিএফআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৪। | এনএসআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৫। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৬। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৭। | স্বাস্থ্য অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৮। | গণপূর্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৯। | সড়ক ও জনপদ অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২০। | অধিনায়ক, আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস | - | সদস্য |
| ২১। | অধিনায়ক, ৯ এমপি ইউনিট, সাভার সেনানিবাস | - | সদস্য |
| ২২। | প্রশাসক, সাভার পৌরসভা, ঢাকা | - | সদস্য |
| ২৩। | কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

উপ-কমিটির কার্যপরিধি:

(ক) জাতীয় কর্মসূচি বাস্তবায়নে সার্বিক নিরাপত্তা, সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থাপনা ও পুলিশের কর্মবন্টনের যাবতীয় কার্যক্রম গ্রহণ, তদারকি ও সমন্বয়;

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩৭.০। সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে এবং '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' ও '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতার আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

08.02.2026

ফারুক ই আজম, বীর প্রতীক
উপদেষ্টা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।